

পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম অধ্যায় - অযৌক্তিকতা ও অশালীনতা রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৮. ২. ১৫. লাখে লাখে মরে সৈন্য কাতারে কাতার!

আমরা দেখেছি যে, শলোমনের পরে ইহুদিদের রাজ্য দুভাগ হয়ে যায়। রাজা অবিয় (Abijah) যিহুদা বা এহুদা রাজ্যের রাজা ও ইয়ারাবিয়াম (Jeroboam) ইসরায়েল রাজ্যের রাজা। অবিয় ৪ লক্ষ সৈন্য পাঠালেন ইয়ারবিয়ামের ৮ লক্ষর বিরুদ্ধে (২ খান্দাননামা ১৩/৩)। তাহলে মোট ইহুদি যোদ্ধা ১২ লক্ষ। প্রত্যেক যোদ্ধার যদি একজন স্ত্রী ও দুজন বৃদ্ধ পিতামাতা বা দুজন সন্তান থাকে তবে আরো ৩৬ লক্ষ মানুষ। মোট ৪৮ লক্ষ ইহুদি। একটা অসম্ভব সংখ্যা।

উপরের দু' ইহুদি রাজার এক যুদ্ধে এহুদা রাজ্যের সৈন্যরা ইসরাইল রাজ্যের ৫ লক্ষ সৈন্য হত্যা করল! "এহুদার লোকেরা রণনাদ করে উঠলো... আল্লাহ অবিয়ের ও এহুদার সম্মুখে ইয়ারাবিম ও সমস্ত ইসরাইলকে আঘাত করলেন। ... অবিয় ও তাঁর লোকেরা মহাবিক্রমে ওদেরকে সংহার করলেন; বস্তুত ইসরাইলের পাঁচ লক্ষ মনোনীত লোক মারা পড়লো।" (২ খান্দাননামা ১৩/১৭, মো.-১৩)

এক যুদ্ধে এক পক্ষ অন্য পক্ষের ৫ লক্ষ বাছাই করা সৈন্য মারল! বিজয়ী পক্ষের কত জন মরল? প্রতি মিনিটে কতজন করে মারা হল? দ্বিতীয় বিশ্বযুদ্ধেও কোনো একক যুদ্ধক্ষেত্রে এত সৈন্য মারা যায়নি। নাগাসাকি ও হিরোশিমায় পারমাণবিক বোমা মেরেও এত মানুষ মারা যায়নি!

Source — https://www.hadithbd.com/books/link/?id=14502

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন